

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৬২৮ ২৪/ বিবাহ ও দাম্পত্য পরিচ্ছেদঃ স্ত্রীদের সাথে সদ্মবহার করার অসিয়ত

আরবী

وَعَن مُعَاوِيَةَ بِنِ حَيدَةَ قَالَ: قُلْتُ: يَا رَسُوْلَ الله مَا حَقُّ زَوجَةِ أَحَدِنَا عَلَيهِ ؟ قَالَ أَن تُطْعِمَهَا إِذَا طَعِمْتَ وَتَكْسُوهَا إِذَا اكْتَسَيْتَ وَلَا تَضْرِبِ الْوَجْهَ وَلَا تُقَبِّحْ وَلَا تَهْجُرْ إِلاَّ في البَيْتِ حديثٌ حسنٌ رواه أَبُو داود وَقالَ: معنى لَا تُقَبِّحْ أَي: لَا تقل: قبحكِ الله

বাংলা

(২৬২৮) মুআবিয়াহ ইবনে হাইদাহ (রাঃ) বলেন যে, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বললাম, 'হে আল্লাহর রসূল! আমাদের কারো স্ত্রীর অধিকার স্বামীর উপর কতটুকু?' তিনি বললেন, ''তুমি খেলে তাকে খাওয়াবে এবং তুমি পরলে তাকে পরাবে। (তার) চেহারায় মারবে না, তাকে 'কুৎসিত হ' বলবে না এবং তার থেকে পৃথক থাকলে বাড়ীর ভিতরেই থাকবে।'' (অর্থাৎ অবাধ্য স্ত্রীকে বাধ্য করার জন্য বিছানা পৃথক করতে পারা যাবে, কিন্তু রুম পৃথক করা যাবে না।) (আবু দাউদ ২১৪৪-২১৪৫)

ফুটনোট

* 'কুৎসিত' বলবে নাঃ অর্থাৎ, 'আল্লাহ তোমাকে কুৎসিত করুক' বলে অভিশাপ দেবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন